# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 05 May, 2025

দেশের ৬৭টি সরকারি কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে নতুন করে বদলি ও পদায়ন করেছে শিক্ষা মন্ত্রণালয়।সোমবার (৫ মে) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ আদেশ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, ৬৪টি কলেজে নতুন অধ্যক্ষ এবং তিনটি কলেজে উপাধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়েছে।বদলি হওয়া কর্মকর্তাদের আগামী ১৩ মে'র মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অব্যাহতি নিতে হবে।অন্যথায় ওই দিন বিকেল থেকে তারা স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতিপ্রাপ্ত হিসেবে গণ্য হবেন।

এছাড়া নবনিযুক্ত অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের পিডিএস (□□□) প্ল্যাটফর্মে লগইন করে অনলাইনেই অব্যাহতি ও যোগদানের প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, কলেজ শিক্ষায় প্রশাসনিক গতিশীলতা এবং মানোন্নয়নের লক্ষ্যে এই বদলি ও পদায়ন কার্যক্রম পরিচালিত হয়েছে।

প্রজ্ঞাপন শিক্ষা কলেজ শিক্ষা মন্ত্রণালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:56

URL: https://timestodaybd.com/national/7758071970